জমি / বাড়ি / ফ্ল্যাট

জমি / বাড়ি / ফ্ল্যাট/ দোকান / গ্যারেজ / অফিস - "কিনতে" অথবা "বিক্রি" করতে চাইলে যোগাযোগ করুন - 9062867921

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

# EI YUG

হলি ডে হোম বুকিং

দর্শনীয় ভ্রমণের জায়গা- **তারাপীঠ**(হোটেল),**দিঘা**(হোটেল/রিসোর্ট) ,**পুরী**(হোটেল/রিসোর্ট), **চিলকা**(হোটেল), **দার্জিলিং**,(হোটেল),**আলিপুরদুয়ার** (হোম স্টে),**খেজুরি-পূর্ব মেদিনীপুর**(বাগান বাড়ি),**আন্দামান** (হোটেল) । বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে। ফোন নং: ৯০৬২৮৬৭৯২১ ।

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 4 OCTOBER 2025 ,SATURDAY | ৪ অক্টোবর ২০২৫ ,শনিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-408

## গান্ধী জয়ন্তী উপলক্ষ্যে স্বচ্ছতা অভিযান সশস্ত্র সীমা বল জওয়ানদের



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৩ অক্টোবর : জাতির জনক মহাত্মা গান্ধীর জন্ম জয়ন্তী উপলক্ষ্যে বৃহস্পতিবার ইন্দো ভুটান সীমান্তে আলিপুরদুয়ার জেলার জয়গাঁতে স্বচ্ছতা অভিযান চালান সশস্ত্র সীমা বল ৫৩ নম্বর ব্যাটালিয়ন এর ডি কোম্পানির জওয়ানরা। এদিন তাদের সাথে স্বচ্ছতা অভিযানে যোগ দেন স্থানীয় বাসিন্দারা। জয়গাঁ বাস স্ট্যান্ড ও জয়গাঁ ডেভেলপমেন্ট অথরিটির দপ্তর লাগোয়া এলাকায় এই অভিযান চালানো হয়। সশস্ত্র সীমা বল সূত্রে জানা গেছে সিভিক একশন প্ল্যান এর অঙ্গ হিসাবে এই অভিযান চালানো হয় অভিযানে মহাত্মা গান্ধী পরিচ্ছন্নতা ও শৃঙ্খলার যে বার্তা দিয়েছেন তা প্রচার করা হয়। এই অভিযানের উদ্দ্যেশ্য পরিচ্ছন্ন জয়গাঁ ও সবুজ জয়গাঁ বলে জানান সশস্ত্র সীমা বলের আধিকারিক।

## শনিবারে আলিপুরদুয়ারে পুজো কার্নিভাল




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ অক্টোবর : আগামী কাল শনিবার পুজো কার্নিভাল অনুষ্টিত হচ্ছে আলিপুরদুয়ার শহরে। এই নিয়ে আজ বৈঠক আয়োজিত হল। এমনটাই জানা গেছে আলিপুরদুয়ার পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ করের কাছ থেকে শুক্রবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ। এদিন বৈঠক শেষে আলিপুরদুয়ার পৌরসভা চেয়ারম্যান জানান আগামীকাল কার্নিভাল কিন্ত সময় একটু এগিয়ে আনা হয়েছে। বিকেলের পরিবর্তে সবাইকে দুপুর দুটো নাগাদ আসতে বলা হয়েছে। কেননা বিকেলে দিকে ঝড় বৃষ্টি হওয়ার সম্ভবনা আছে। উল্লেখ্য বেশ কয়েকদিন যাবত জল্পনা চলছে আলিপুরদুয়ারে কার্নিভাল কবে হবে তাই নিয়ে। অবশেষে জল্পনার অবসান হল শুক্রবার বিকেলে।

## মালদহে সাইবার থানার নতুন ভবন সহ ক্যান্টিন ও একটি কনফারেন্স হলের উদ্বোধন করলেন আই জি উত্তরবঙ্গ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ, ৩ অক্টোবর : দশমীর সন্ধ্যায় মালদহ সাইবার ক্রাইম থানার নতুন ভবন সহ একটি ক্যান্টিন ও ইংলিশবাজার থানায় একটি নতুন কনফারেন্স হলের উদ্বোধন করলেন পুলিশের উত্তরবঙ্গের আই জি দীপ নারায়ন গোস্বামি। উপস্থিত ছিলেন মালদহ জেলার পুলিশ সুপার প্রদীপ কুমার যাদব সহ অন্যান্য আধিকারিকগন।

## দশমীর সন্ধ্যায় মর্মান্তিক দুর্ঘটনায় মৃত চার জনের, শোকের ছায়া এলাকায়



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ৩ অক্টোবর : দশমীর সন্ধ্যায় জলপাইগুড়ি জেলার ধুপগুড়িতে দশমীর সন্ধ্যায় মৃত্যু হলো চারজনের। জানা গেছে বৃহস্পতিবার সন্ধ্যায় ধুপগুড়ির দু নম্বর ব্রীজের কাছে এশিয়ান হাইওয়ের ধারে একটি দোকানের সামনে আড্ডা দিচ্ছিলেন এক ডজন মানুষ। সেই সময় জলপাইগুড়ির দিক থেকে দ্রুতগতিতে আসা একটি গাড়ি নিয়ন্ত্রন হারিয়ে আড্ডারত মানুষগুলিকে পিষে দিয়ে দোকানটিতে ঢুকে পরে। দূর্ঘটনার বিকট শব্দ শুনে ছুটে আসেন স্থানীয় বাসিন্দারা, তারা উদ্ধার কাজে হাত লাগান। খবর দেওয়া হয় ধুপগুড়ি থানা ও দমকল কেন্দ্রে। খবর পেয়ে পুলিশ ও দমকল কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে আহতদের ধুপগুড়ি মহকুমা হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক গন চারজনকে মৃত বলে ঘোষনা করেন। জখমদের মধ্যে ছয়জনের অবস্থা গুরুতর হওয়ায় তাদের জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। মৃতদের নাম দীনবন্ধু রায়, সন্তোষ রায়,সমীর সরকার ও শম্ভু রায়। এরা সকলেই ধুপগুড়ি পৌরসভার তেরো, পনেরো ও ষোলো নম্বর ওয়ার্ডের বাসিন্দা। এই মর্মান্তিক দূর্ঘটনায় স্থানীয় এলাকায় দশমীর আনন্দ পরিনত হয়েছে বিষাদে।

# সংকোশ নদী থেকে যুবকের পচাগলা দেহ উদ্ধার




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার , ৩ অক্টোবর : শুক্রবার কুমারগ্রাম ব্লকের ভল্কা-বারবিশা ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের পাকরিগুড়ির নামাপাড়া এলাকায় সংকোশ নদী থেকে এক যুবকের পচাগলা দেহ উদ্ধার হল। মৃতের নাম রাজদীপ সরকার, বয়স ২১। বারুইপাড়া গ্রামে তার বাড়ি। এদিন সংকোশ নদীতে রাজদীপের দেহ ভাসতে দেখেন স্থানীয় বাসিন্দারা। খবর পেয়ে ঘটনাস্থলে আসে বারবিশা ফাঁড়ির পুলিশ। এরপর নদী থেকে দেহ উদ্ধার করে নিয়ে যায় পুলিশ। জানা গিয়েছে, গত ২৩ সেপ্টেম্বর সংকোশ নদীতে স্নান করতে নামার সময় পা পিছলে তলিয়ে যায় রাজদীপ। এরপর পুলিশ প্রশাসনের তরফে নদীতে তল্লাশি চালানো হয়। কিন্তু তাঁর কোনও খোঁজ পাওয়া যায়নি। অবশেষে এদিন নদীতে রাজদীপের পচাগলা দেহ ভাসতে দেখেন স্থানীয়রা। ভল্কা-বারবিশা ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের সদস্য শ্যামল শর্মা বলেন, 'অত্যন্ত দুঃখজনক ঘটনা। রাজদীপ আমার বুথের বাসিন্দা ছিল। নদীতে স্নান করতে নেমে সে তলিয়ে গিয়েছিল।' পুলিশ জানিয়েছে, একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করা হয়েছে। শনিবার দেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হবে।

# উত্তর মজিদখানায় গৃহবধুর মৃত্যুতে কাঠগড়ায় বন দপ্তর



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ অক্টোবর : এক গৃহবধুর মৃত্যুর ঘটনার পরেই এলাকার বাসিন্দারা কাঠগড়ায় দাঁড় করিয়েছেন বনদপ্তরের কর্মকর্তাদের। বনকর্তাদের ভুলের দরুন মৃত্যু হতে হয়েছে গৃহবধুর অভিযোগ এলাকার বাসিন্দা দীপক দাসের। টানা নয় দিন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ে অবশেষে মৃত্যুকে জয় করলো শামুকতলা থানার উত্তর মজিদ থানা গ্রামের গৃহবধূ অনিমা রায়। বৃহস্পতিবার রাত তিনটা নাগাদ তার শেষকৃত্য সম্পন্ন করা হয় উত্তর মজিদ খান এলাকায়। গত ২৪শে সেপ্টেম্বর বিকেল সাড়ে পাঁচটা নাগাদ উত্তর মজিদখানা গ্রামে বাড়ির সামনেই তাকে আক্রমণ করে বাইসন। তৎখনাৎ তাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। অবস্থার অবনতি থেকে রাতেই তাকে কোচবিহার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। এরপর উন্নত চিকিৎসার জন্য তাকে শিলিগুড়ি মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হয়েছে। টানা নয় দিন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ে বৃহস্পতিবার বেলা ১১ঃ০০ টা নাগাদ তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। শিলিগুড়িতে তার ময়নাতদন্ত করে রাত ১১ টা নাগাদ তার মৃতদেহ নিয়ে আসা হয় বাড়িতে। ভোররাতে শেষ হয় তার শেষকৃত্য। তার মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে এলাকায়। এদিকে বনদপ্তরের কর্মকর্তারা ওই পরিবারের সঙ্গে যোগাযোগ রাখছেন সরকারি ভাবে তাকে সহযোগিতা করার জন্য।

# প্রশাসনিক বৈঠকের পরেও পরিবর্তন হয়নি অটো চালকরা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ অক্টোবর : আইন কে বুড়ো আঙ্গুল দেখিয়ে বহাল তবিয়তে যাত্রীবাহী অটো গাড়িতে অতিরিক্ত যাত্রী নিয়ে রাজ্য সড়কে চলছে এমনটাই দেখা গেল শুক্রবার বেলা বারোটা নাগাদ আলিপুরদুয়ার শামুকতলা রাজ্য সড়কে। অতিরিক্ত যাত্রী বোঝাই করা যাবে না এমন নির্দেশ নিয়েই শামুকতলা ট্রাফিক পুলিশের পক্ষ থেকে শামুকতলায় অটো চালক দের নিয়ে বৈঠক হয়েছিল । সেখানে অটো ইউনিয়নের নেতৃত্ব থেকে শুরু করে চালকরা ছিলেন। শামুকতলা এলাকার এক যুবতী অটো দুর্ঘটনায় তার পা কেটে ফেলে দিতে হয়েছে। এরপরই নানা মহলে নানা রকম প্রশ্ন উঠার পর প্রশাসনিক কর্তারা নড়েচড়ে বসে ছিলেন। কিন্তু দিন কয়েক কাটার পরই আবার অতিরিক্ত যাত্রী বোঝাই করে অটো চলছে আলিপুরদুয়ার শামুকতলা রাজ্য সড়কে প্রশাসনিক কর্তাদের সামনেই। যদিও অনেকেই বলছেন ইউনিয়ন এবং প্রশাসনিক কর্তাদের মদতেই অটোচালকরা অতিরিক্ত যাত্রী বোঝাই করে চলছেন বহাল তবিয়তে। নাকি বড় ধরনের দুর্ঘটনা হওয়ার পরেই আবার প্রশাসনিক কর্তারা অটো চালক দের নিয়ে বৈঠক করবেন ? অভিযোগ অধিকাংশ অটোচালক এর ড্রাইভিং লাইসেন্স থেকে শুরু করে গাড়ির সঠিক কাগজ নেই তবুও বহাল তবিয়তে রাজ্য সড়কে দাপিয়ে বেড়াচ্ছে অটো চালকরা । কবে ঘুম ভাঙবে প্রশাসনিক কর্তাদের এই প্রশ্নই উঠে আসছে আমজনতার কাছ থেকে।

**হলি ডে হোম বুকিং**

দর্শনীয় ভ্রমণের জায়গা- **তারাপীঠ**(হোটেল), **দিঘা**(হোটেল/রিসোর্ট),**পুরী**(হোটেল/রিসোর্ট), **চিলকা**(হোটেল),**দার্জিলিং**,(হোটেল), **আলিপুরদুয়ার**(হোম স্টে),**খেজুরি-পূর্ব মেদিনীপুর**(বাগান বাড়ি),**আন্দামান**(হোটেল) । বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে। ফোন নং: **৯০৬২৮৬৭৯২১** ।



# শুক্রবারেও চলছে বিসর্জন আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ অক্টোবর : একাদশীর দিনে আলিপুরদুয়ার জেলা শহরের বিভিন্ন প্রান্তে চলছে প্রতিমা বিসর্জনের পালা। এদিন আলিপুরদুয়ার জংশন রেল পুকুর ঘাটে বিসর্জন পর্ব শুরু হয়েছে রাত আটটা নাগাদ। বিসর্জনের পূর্বে প্রতিমা নিয়ে শোভাযাত্রা বের করছেন পুজো কমিটি গুলো। বিসর্জন কে কেন্দ্র করে কোনরকম অপ্রীতিকর ঘটনার যেন না ঘটে তার জন্য প্রশাসনিক কর্তারা উপস্থিত ছিলেন শোভাযাত্রা সহ বিসর্জন ঘাটে। আগামী রবিবার পর্যন্ত চলবে আলিপুরদুয়ার জেলা শহরের বিভিন্ন প্রান্তে প্রতিমা বিসর্জন। বিসর্জন চলছে শামুকতলা থানা এলাকার বিভিন্ন প্রান্তে। বিসর্জনের আগে শোভাযাত্রা বের করছেন পুজো কমিটির কর্মকর্তারা।

# যশোডাঙ্গায় বিসর্জন নিয়ে কাঠগড়ায় প্রশাসনিক কর্তারা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ অক্টোবর : কয়েক হাজার দর্শকের উপস্থিতিতে যশোডাঙ্গা বাজার সংলগ্ন পুকুরে বিসর্জন পর্ব শেষ হলো শুক্রবার সন্ধ্যা ছয়টা নাগাদ। বিসর্জন পর্ব করতে গিয়ে হাজার প্রশ্ন উঠে আসছে প্রশাসনিক কর্তাদের বিরুদ্ধে। ডুয়ার্সের আলিপুরদুয়ার জেলার আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক অফিসের ২০০ মিটারের মধ্যেই দুর্গা প্রতিমার বিসর্জন হয়। প্রায় ৫০ বছর ধরে পুজো হচ্ছে যশোডাঙ্গা বাজার এলাকায়। বিসর্জন দিতে গিয়ে নানারকম সমস্যার সম্মুখীন হচ্ছেন প্রতিবছর কমিটির কর্মকর্তা থেকে শুরু করে বিসর্জনের সঙ্গে জড়িত ব্যক্তিরা। বাজার সংলগ্ন পুকুরে বিসর্জনের কোন ঘাট তৈরি হয়নি গত ৫০ বছরে। ফলে এলাকার পঞ্চায়েত থেকে শুরু করে প্রধান এমনকি প্রশাসনিক কর্তা সহ রাজনৈতিক নেতাদের দিকে আঙ্গুল উঠছে বিসর্জন পর্ব শেষ করতে গিয়ে। এদিন বেলা দুইটা নাগাদ প্রতিমা নিয়ে শোভাযাত্রায় বের হন হাজার খানেক মহিলা পুরুষ সহ যুবক যুবতী। যশোডাঙ্গা বাজার থেকে মোমিন পাড়া হয়ে বাস স্ট্যান্ড দিয়ে খাটাজানি চৌপথী পর্যন্ত গিয়ে পুকুর ঘাটে প্রতিমা নিয়ে পৌছান বিকেল সাড়ে পাঁচটা নাগাদ। কয়েক হাজার মহিলা পুরুষ সহ কচি কাঁচাদের উপস্থিতিতে বিসর্জন পর্ব শেষ হয় নির্বিঘ্নে। এদিন ডিজের তালে নৃত্য পরিবেশন করতে দেখা যায় কচিকাঁচা থেকে শুরু করে যুবক-যুবতী এমনকি বয়স্ক ব্যক্তিদেরও। ঐতিহ্যবাহী পুজোর বিসর্জন বড় পুকুর পাড়ে হলেও পুকুরপাড়ের জঙ্গল গুলো কাটা হয়নি প্রশাসনের পক্ষ থেকে।

# অজানা রোগে মৃত্যু চারজনের, আক্রান্ত আরো পাঁচজন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ অক্টোবর : অজানা রোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে চার জনের। আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চিকিৎসাধীন পাঁচ জন। তিনটি পরিবারের চারজনের মৃত্যু হওয়ার পর এখন পর্যন্ত বাকি পাঁচজন আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চিকিৎসাধীন । ঘটনায় ব্যাপক চাঞ্চল্য তৈরি হয়েছে আলিপুরদুয়ার জেলা শহর সংলগ্ন দক্ষিণ মাঝেরডাবড়ী এলাকায়। জানা গেছে বিশ্বকর্মা পূজার পরদিন থেকে এই মৃত্যু শুরু হয়েছে। গত দশ দিনে চারজনের মৃত্যু হয়েছে পেটের রোগে আক্রান্ত হয়ে। এরা প্রত্যেকেই আদিবাসী সম্প্রদায়ের মানুষ। এমনকি এখনো পাঁচজন আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চিকিৎসাধীন। আলিপুরদুয়ার শহর থেকে পাঁচ কিলোমিটার দূরে পদ্মের পাড় এলাকার মংলা সোরেন এবং তার বৃদ্ধ মা মারা যায় একই দিনে। এর কয়েকদিন পরেই দুই ভাই প্রসেনজিৎ খড়িয়া এবং বলরাম খড়িয়া মারা যায় পর পর। পরপর চারজন মারা যাওয়ার পরেই প্রশাসনিক কর্তাদের টনক নড়ে যায়। ঘটনাস্থলে ছুটে আসেন আলিপুরদুয়ার জেলার প্রশাসনিক কর্তারা। তবে মৃত্যুর কারণ নিয়ে এখনো কোনো নির্দিষ্ট জায়গায় পৌঁছাতে পারেনি প্রশাসনিক কর্তারা। এলাকার বাসিন্দাদের অনুমান পানীয় জলের ফলেই পরপর চারজনের মৃত্যু হয়েছে। তাছাড়া ওই পরিবারগুলোর মধ্যে এক পরিবারের সঙ্গে অন্য পরিবারের যথেষ্ট যোগাযোগ ব্যবস্থা ছিল। জেলা হাসপাতালে গত তিনদিন ধরে চিকিৎসাধীন পাঁচ জন এর মধ্যে দশ বছরের নাবালক রয়েছে। এলাকার বাসিন্দারা আতঙ্কে ভুগছেন।

# ১৪ বছরেও হয়নি আধার কার্ড কিংবা ভোটার কার্ড



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ অক্টোবর : অসহায় আদিবাসী পরিবারের মহিলার আধার কার্ড কিংবা ভোটার কার্ড হয়নি এখনো ফলে বিপাকে পড়েছেন পদ্মের পাড় এলাকার আদিবাসী মহিলা। শুক্রবার বেলা এগারোটা নাগাদ এমনটাই জানা গেছে অসহায় মহিলার কাছ থেকে। অসহায় মহিলার স্বামী এবং তার শাশুড়ি মারা গেছেন গত কয়েকদিন আগে অজানা রোগে আক্রান্ত হয়ে একইদিনে। দুই সন্তানকে নিয়ে বিপাকে আছেন আলিপুরদুয়ার দুই ব্লকের পদ্মের পাড় এলাকার আদিবাসী মহিলা মংলী হেমব্রম। আধার কার্ড কিংবা ভোটার কার্ড তার হয়নি এখনো। এর জন্য রাজনৈতিক নেতা থেকে শুরু করে প্রশাসনিক কর্তারা কি দায়ভার এড়াতে পারবেন ? নাকি আদিবাসী পরিবারের মহিলা বলেই রাজনৈতিক নেতা থেকে শুরু করে প্রশাসনিক কর্তারা কোন গুরুত্ব দিচ্ছেন না অসহায় মহিলা কে। দুই সন্তানকে নিয়ে বিপাকে পড়েছেন আধার কার্ড এবং ভোটার কার্ড না থাকায় সরকারি ভাবে কোন সাহায্য তুমি পাচ্ছেন না।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |